



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকের ভ্রাম্যমাণ আদালত

রেয়াজউদ্দিন বাজার ও মাদারবাড়ী এলাকায় বকেয়া হোল্ডিং ট্যাক্স ও

ট্রেড লাইসেন্স ফি'সহ প্রায় সাড়ে ২০ লাখ টাকা জরিমান আদায়

চট্টগ্রাম-০২ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীর কোতোয়ালী ও সদরঘাট থানাধীন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স নবায়নের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৪ এর আওতাধীন রেয়াজউদ্দিন বাজার ও মাদারবাড়ী এলাকায় ০২টি হোল্ডিংয়ের দীর্ঘদিনের বকেয়া ট্যাক্স বাবদ ১৮লাখ ৭৯ হাজার ১শত ৯৮টাকা মোবাইল কোর্টের মাধ্যমে আদায় করা হয়। এসময় ২২টি ব্যবসা প্রতিষ্ঠান থেকে বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ১লাখ ২৭ হাজার ৬শত ২০টাকা আদায় করা হয়। এছাড়াও অভিযানে সদরঘাট রোডে ফুটপাথ ও রাস্তা দখল করে দোকানের মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে ০৮টি ব্যবসা প্রতিষ্ঠানকে ২১হাজার টাকা জরিমানা করা হয়। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি আদায়কল্পে এবং রাস্তা-ফুটপাথের উপর অবৈধ দখলদারের উচ্ছেদে এ অভিযান অব্যাহত থাকবে। আদালত পরিচালনা করেন সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এবং স্পেসাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মোবাইল-০১৮২৪৪-৪৭৭৬৯৩